

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট নং-ই-১৩/বি, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা।
www.ngoab.gov.bd

পত্র নং- ০৩.০৭.২৬৬৬.৬৬২.৬৮.১২৭.১৭- ৭৩২

তারিখঃ ১২ আশ্বিন, ১৪২৫
২৭ সেপ্টেম্বর, ২০১৮


বিষয়ঃ 'ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)' এর 'বৈদেশিক অর্থায়নে পরিচালিত এনজিও খাতঃ সুশাসনের চ্যালেঞ্জ ও করণীয়' শীর্ষক গবেষণা প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ সংস্থার ০২/০৮/১৮ তারিখের টিআইবি/এনজিও/২০১৮/২০০(১) নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের মাধ্যমে 'বৈদেশিক অর্থায়নে পরিচালিত এনজিও খাতঃ সুশাসনের চ্যালেঞ্জ ও করণীয়' শীর্ষক দাখিলকৃত গবেষণা প্রতিবেদনে এনজিওদের জন্য নিম্নে বর্ণিত সুপারিশ করা হয়েছেঃ

- (১) প্রকল্প কর্মসূচি প্রণয়ন ও পরিবীক্ষণে বিশেষ করে সেবামূলক প্রকল্পের ক্ষেত্রে স্থানীয় জনগণ ও উপকারভোগীদের সম্পৃক্ত করা।
- (২) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ-শক্তিশালী পরিবীক্ষণ, মূল্যায়ন ও নিরীক্ষা ব্যবস্থা নিশ্চিত করা এবং অনিয়ম দুর্নীতির ক্ষেত্রে জবাবদিহিতার যথাযথ প্রয়োগ।
- (৩) একক কর্তৃত্বপূর্ণ নেতৃত্ব পরিহার-কর্মীদের মতামত গ্রহণ ও সিদ্ধান্ত গ্রহণে তার প্রতিফলন এবং পরিচালনা পরিষদ ও নির্বাহী ব্যবস্থাপনার মধ্যে ভারসাম্য বজায় রাখা।
- (৪) নৈতিক আচরণ বিধি ও অন্তর্ভুক্তিমূলক মানব সম্পদ নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন।
- (৫) নিয়োগ, বদলী, পদোন্নতি, দক্ষতা উন্নয়ন ও প্রণোদনা ব্যবস্থায় স্বচ্ছতা ও প্রতিযোগিতা নিশ্চিত করা।
- (৬) স্বার্থের দ্বন্দ্বমুক্ত এবং নাগরিক সমাজের গ্রহণযোগ্য ব্যক্তিদের সমন্বয়ে পরিচালনা পরিষদ গঠন- এ ক্ষেত্রে স্বচ্ছতার জন্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ের পরিধি নির্ধারণসহ 'গভার্ন্যান্স ম্যানুয়াল' প্রণয়ন।
- (৭) পরিচালনা পরিষদের কাছে নির্বাহী ব্যবস্থাপনার কার্যকর জবাবদিহিতা নিশ্চিত করা।
- (৮) ব্যবস্থাপনা ও কর্মীদের মধ্যে দূরত্ব হ্রাস, সংস্কৃতি ব্যবস্থাপনা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের জবাবদিহি নিশ্চিত করতে ন্যায়পাল নিয়োগ।
- (৯) প্রয়োজ্য ক্ষেত্রে স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে কর্মসূচি বা প্রকল্পের সামাজিক নিরীক্ষা চালু করা।
- (১০) এনজিওসমূহের অভ্যন্তরীণ অনিয়ম -দুর্নীতির সাথে সম্পৃক্তদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ।
- (১১) ভিন্ন ভিন্ন এনজিও কর্তৃক একই এলাকায় একই ধরনের কর্মসূচির একই উপকারভোগী নির্বাচন বা দ্বৈততা বন্ধে এনজিওদের মধ্যে সমন্বয় বৃদ্ধি।

০২। এমবতাবস্থায় উল্লিখিত সুপারিশসমূহের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(হরে জান্নাত)

(সিনিয়র সহকারী সচিব)

এসাইনমেন্ট অফিসার-২

ফোনঃ ৫৫০০৭৩৯৪

ao2@ngoab.gov.bd

প্রধান নির্বাহী

এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধিত সকল এনজিও।

পত্র নং- ০৩.০৭.২৬৬৬.৬৬২.৬৮.১২৭.১৭-

তারিখঃ ১২ আশ্বিন, ১৪২৫
২৭ সেপ্টেম্বর, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ০১। নির্বাহী পরিচালক, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি), মাইডাস সেন্টার (৫ম ও ৬ষ্ঠ তলা) বাড়ীনং-০৫, রোডনং-১৬, ধানমন্ডি, ঢাকা-১২০৯।
- ০২। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (তাকে ব্যুরোর ওয়েবসাইটে পত্রটি প্রদর্শনের জন্য অনুরোধ করা হল)।
- ০৩। অফিস কপি।

(হরে জান্নাত)

(সিনিয়র সহকারী সচিব)

এসাইনমেন্ট অফিসার-২